# ইনকিলাবের ছাপাখানা সিলগালা ও তিন সাংবাদিককে আটকের ঘটনায় সিলেট প্রেসক্লাব নেতৃবৃন্দের উদ্বেগ

দৈনিক ইনকিলাবের ছাপাখানা সিলগালা ও তিন সাংবাদিককে আটকের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন সিলেট প্রেসক্লাব নেতৃবৃন্দ। প্রেসক্লাব সভাপতি ইকবাল সিদ্দিকী ও সাধারণ সম্পাদক মোহাম্মদ সিরাজুল ইসলাম এক বিবৃতিতে বলেন, এ ধরনের ঘটনা সংবাদপত্রের স্বাধীনতার জন্য হুমকিস্বরূপ। তারা ইনিকলাবের প্রকাশনা অব্যাহত রাখতে উদ্যোগী হওয়ার জন্য সংশিষ্ট সকলের প্রতি আহবান জানান। বিজ্ঞপ্তি

# মেয়র আরিফের প্রশংসায় অর্থমন্ত্রী

সিলেট সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজ তরান্বিত করায় মেয়র আরিফুল হক চৌধুরীর প্রশংসা করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ভিন্ন রাজনৈতিক মতের হওয়া সত্বেও অর্থমন্ত্রী মেয়রের ভাল কাজের প্রশংসা করাকে ইতিবাচকভাবে দেখছেন সিলেটবাসী।

শুক্রবার নগরীর গাভীয়ার খালের উদ্ধার অভিযান সরেজমিন পরিদর্শন কালে অর্থমন্ত্রী মেয়রের প্রশংসা করে বলেন, ‘সিলেটে অনেক কিছুই হয় না-এখন হচ্ছে; আমি অনেক খুশি।’

এসময় অর্থমন্ত্রী আরো বলেন, ২০০৯ সালে খাল উদ্ধারের জন্য বহু টাকার প্রকল্প করা হয়েছে। তার মধ্যে কিছুটা হয়েছে-কিছুটা হয়নি। বাকী যেগুলো হয়নি তা-ও এবার হবে। এখানে তো সবচেয়ে বড় সমস্যা পানি নিস্কাসনের আসল রাস্তাই নাই। পানি যাবে কোথায়? সুতরাং আগে পানি প্রবাহ নিশ্চিত করতে হবে। তাই মেয়রের এই কাজগুলো অত্যন্ত প্রশংসনীয় এবং আমি তাকে সম্পূর্ণ সাপোর্ট করে যাবো-সহযোগিতা করে যাব।’ এসময় সিলেট সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# মানুষের হৃদয়ে চিরদিন বেঁচে থাকবেন আল্লামা মহীষপুরী রাহ

## মাওলানা উবায়দুল্লাহ ফারুক

জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ও হেফাজতে ইসলামের কেন্দ্রীয় নেতা, জকিগঞ্জ- কানাইঘাটের এম.পি মনোয়ন প্রত্যাশী জননেতা মাওলানা উবায়দুলাহ ফারুক বলেছেন, সিলেটের উজ্জ্বল নক্ষত্র আলামা ফয়যুল বারী মহীষপুরী রাহ. চিরদিন মানুষের হৃদয়ে বেঁচে থাকবেন। মহীষপুরী রাহ. যেমন ছিলেন একজন হাদীস বিশারদ, তেমন ছিলেন তিনি একজন ন্যায় বিচারক।

গত শনিবার বেলা ২ টায় কানাইঘাট উপজেলা ছাত্র জমিয়তের উদ্যোগে আলামা মহীষপুরী রাহ.’র জীবনী আলোচনা সভায় মাওলানা উবায়দুলাহ ফারুক উপরোক্ত কথাগুলো বলেন।

উপজেলা জমিয়তের অস্থায়ী কার্যালয়ে ছাত্র জমিয়ত সভাপতি মাওলানা রিয়াজ উদ্দীনের সভাপতিত্বে ও সম্পাদক মুহাম্মদ ফয়েজ উদ্দীনের পরিচালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, কানাইঘাট উপজেলা জমিয়তের সহ-সভাপতি শায়খুল হাদীস মাওলানা শফিকুল হক, মাওলানা নূর আহমদ ক্বাসিমী, যুগ্ম সম্পাদক মুফতি এহসান উলাহ, জেলা ছাত্র জমিয়তের সাধারণ সম্পাদক, ছাত্র নেতা মাওলানা লুৎফুর রাহমান, সাংগঠনিক সম্পাদক মুহি উদ্দীন, মহানগর ছাত্র জমিয়তের যুগ্ম সম্পাদক শিব্বির আহমদ, কানাইঘাট পৌর ছাত্র জমিয়ত সভাপতি মাওলানা আজীর উদ্দীন, এমাদুদ্দীন লাহীন, বুরহান উদ্দীন, নুমান ছিদ্দিকি, আব্দুশ শাকুর, গিয়াস উদ্দীন, আবদুর রাহমান নাদীম, আবূ হানিফা, মাওলানা আমানুলাহ, তৈয়বুর রাহমান প্রমুখ।-বিজ্ঞপ্তি

# গণতন্ত্র হত্যা দিবসে নগর জামায়াতের আলোচনা সভা

আওয়ামীলীগ ও গণতন্ত্র এক সাথে চলে না ইতিহাসই তার সাক্ষী : সিলেট নগর জামায়াত

সিলেট মহানগর জামায়াত নেতৃবৃন্দ বলেছেন, ইতিহাস সাক্ষী আওয়ামীলীগ ও গণতন্ত্র এক সাথে চলে না। বাকশালী মানসিকতার এই দলটি যখনই ক্ষমতায় গিয়েছে গণতন্ত্রকে ধ্বংস করেছে। বিপন্ন করেছে দেশের স্বাধীনতা সার্বভৌমত্বকে। এরা গণতন্ত্রের কথা বলে মানুষকে ধোকা দিয়ে ক্ষমতায় গিয়ে জনগণের সাথে প্রতারণা করে ভোটের অধিকার হরণ করে। ১৯৭৫ সালের ২৫ জানুয়ারী মাত্র ১৫ মিনিটে দেশে সকল রাজনৈতিক দল নিষিদ্ধ করে এই আওয়ামীলীগ একদলীয় বাকশাল কায়েমের মাধ্যমে স্বাধীন বাংলাদেশে প্রথম গণতন্ত্রের কবর রচনা করেছিল। ইতিহাসের এই কলংকময় দিনে জাতির ঘাড়ে জগদ্দল পাথরের মতো বাকশালী স্বৈরশাসন চাপিয়ে দেয়া হয়। তাই প্রতি বছর ২৫ জানুয়ারীকে দেশের ইতিহাসে গণতন্ত্র হত্যা দিবস পালন করে দেশপ্রেমিক জনতা আওয়ামীলীগকে ধিক্কার জানায়। ৭ নভেম্বর সিপাহী জনতার বিপবের মাধ্যমে এদেশে পুনরায় গণতন্ত্রের যাত্রা শুর“ হয়। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠার মাধ্যমে দেশে গণতান্ত্রিক শাসন ব্যবস্'ার পুনঃপ্রচলন শুর“ করেন। কিন‘ স্বৈরাচারী এরশাদ সেই গণতন্ত্রের গলাটিপে ধরে স্বৈরাচারী শাসন ব্যবস্'া চালু করে। সর্বশেষ ১/১১ এর সরকারের সাথে আতাত করে ক্ষমতায় গিয়ে আওয়ামীলীগ পুনরায় নবরূপে বাকশালের সূচনা করে। গত ৫ জানুয়ারী একদলীয় একতরফা ভোটার বিহীন নির্বাচনের মাধ্যমে আওয়ামীলীগ কষ্টার্জিত গণতন্ত্রকে চূড়ান্তভাবে হত্যার মিশন বাস্তবায়ন শুর“ করে। গণতন্ত্র বিনাশী অপশক্তি যতোই শক্তিশালী হোক না কেন? দেশপ্রেমিক জনতার দুর্বার আন্দোলনের মাধ্যমে গণতন্ত্রকে পুনর“দ্ধার করবেই ইনশাআলাহ। সরকারকে ইতিহাস থেকে শিক্ষা নিয়ে বাকশালের পথ পরিহার করে জাতির কাছে ক্ষমা চেয়ে পদত্যাগের আহবান জানান তারা।

শনিবার সিলেট মহানগর জামায়াত আয়োজিত ২৫ জানুয়ারী গণতন্ত্র হত্যা দিবসের আলোচনা সভায় বক্তারা উপরোক্ত কথা বলেন। কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও মহানগর ভারপ্রাপ্ত আমীর ডাঃ সায়েফ আহমদের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সেক্রেটারী মোঃ ফখর“ল ইসলামের পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সিলেট জেলা উত্তরের ভারপ্রাপ্ত আমীর সৈয়দ ফয়জুলাহ বাহার, মহানগর নায়েবে আমীর হাফিজ আব্দুল হাই হার“ন, জেলা দক্ষিণ সেক্রেটারী মুক্তিযোদ্ধা মতিউর রহমান ও জেলা উত্তরের ভারপ্রাপ্ত সেক্রেটারী গোলজার আহমদ হেলাল প্রমুখ।

নেতৃবৃন্দ বলেন-সরকার অবৈধভাবে ক্ষমতায় টিকে থাকতে বাকশালের মতো রাষ্ট্র শক্তি ব্যবহার করে বিরোধী দলকে নিশ্চিহ্ন করার মিশন শুর“ করেছে। প্রহসনের নির্বাচন প্রত্যাখ্যান করায় আওয়ামীলীগ দেশব্যাপী বিরোধী দলের নেতাকর্মীদের খুন, গুম ও গণগ্রেফতার চালিয়ে দেশকে সংঘাতের দিকে ঠেলে দি”ছ। জনগণ এই সরকারকে নির্বাচনে যেভাবে প্রত্যাখ্যান করেছে সেভাবেই ক্ষমতা ছাড়া করবে ইনশাআলাহ। সময় থাকতে জনমতের প্রতি শ্রদ্ধা জানিয়ে সরকারকে তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহাল করে জাতীয় নির্বাচন ঘোষণা করে পদত্যাগ করতে হবে। জনতার বির“দ্ধে অবস্'ান কোন দিন কেউ ক্ষমতায় টিকে থাকতে পারেনি আওয়ামী সরকারও বেশী দিন টিকে থাকতে পারবে না। কঠোর সংগ্রামের মাধ্যমে গণতন্ত্র বিনাশী এই সরকারকে পদত্যাগে বাধ্য করতে দেশপ্রেমিক জনতাকে সর্বো”চ প্রস'তি নিতে হবে।